



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৩-০৬-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ডিসিপ্রিনারী কমিটির এক সভা গত ০২-০৬-২০২১ তারিখ রোজ বুধবার বিকাল ৫:০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান জনাব মেজবাহ উদ্দীন।

সভায় আলোচ্যসূচীসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করতঃ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

- ১। 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর গত ২৭-০৫-২০২১ তারিখ অনুষ্ঠিত এফসি ব্রাঞ্চবাড়িয়া বনাম কুমিল্লা ইউনাইটেড এর মধ্যকার খেলা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত

গত ২৭-০৫-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে এফসি ব্রাঞ্চবাড়িয়া বনাম কুমিল্লা ইউনাইটেড এর মধ্যকার খেলার মধ্য বিরতির সময় এফসি ব্রাঞ্চবাড়িয়া এর টিম লীডার জনাব মোঃ শাহাদাত হোসেন (জোবায়ের) কর্তৃক খেলা পরিচালনাকারী ম্যাচ অফিসিয়ালগণের সাথে সংঘটিত শৃঙ্খলা বহিঃভূত কার্যকলাপের প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্রিনারী কমিটি কর্তৃক দলের টিম লীডার জনাব মোঃ শাহাদাত হোসেন (জোবায়ের)কে 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এ তাদের নিজ দলের পরবর্তী ৪ (চার) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

- ২। 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এর গত ২৭-০৫-২০২১ তারিখ অনুষ্ঠিত আতাউর রহমান ভূইয়া কলেজ স্পোর্টিং ক্লাব বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার খেলা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত

গত ২৭-০৫-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত আতাউর রহমান ভূইয়া কলেজ স্পোর্টিং ক্লাব বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার খেলার ৪৭ মিনিটের সময়ে খেলা পরিচালনাকারী রেফারী কর্তৃক গৃহীত একটি পেনাল্টির সিদ্ধান্তের বিরুদ্ধে আতাউর রহমান ভূইয়া কলেজ স্পোর্টিং ক্লাবের সহকারী কোচ জনাব রবিউল হাসান খান মনো কর্তৃক খেলা পরিচালনাকারী রেফারীগণের সাথে অখেলেয়াড় সুলভ আচরণ ও অপ্রভঙ্গ প্রদর্শনের প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্রিনারী কমিটি কর্তৃক দলের সহকারী কোচ জনাব রবিউল হাসান খান মনোকে 'মহিলা ফুটবল লীগ ২০২০-২১' এ তাদের নিজ দলের পরবর্তী ৪ (চার) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

- ৩। 'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস ২০২০' এর অদ্য ০৭-০৪-২০২১ তারিখ অনুষ্ঠিত বাংলাদেশ সেনাবাহিনী বনাম সিলেট জেলা ফুটবল দলের মধ্যকার ফাইনাল ম্যাচ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত

'বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমস ২০২০' এর গত ০৭-০৪-২০২১ তারিখ ভাষা সৈনিক শহীদ ধীরেন্দ্র নাথ স্টেডিয়াম, কুমিল্লায় অনুষ্ঠিত বাংলাদেশ সেনাবাহিনী বনাম সিলেট জেলা ফুটবল দলের মধ্যকার ফাইনাল খেলা শেষে সিলেট জেলা দলের গোলরক্ষক হিলাল আহমেদ (জার্সি ১২), দেলোয়ার (জার্সি-৪), সমুজ আলী (জার্সি-৫), হোসেন আহমদ আরিফ (জার্সি-১৪), মানিক (জার্সি-১৭) ও রুমেল (জার্সি-১৩) কর্তৃক খেলা পরিচালনাকারী রেফারীগণকে 'শারিরিকভাবে শাস্তিত করার প্রেক্ষিতে বাফুফে ডিসিপ্রিনারী কমিটি কর্তৃক উক্ত খেলোয়াড়গণকে বাফুফে ও ইহার অঙ্গসংগঠন কর্তৃক পরিচালিত সকল খেলা হতে আগামী ৬ (ছয়) মাস অর্থাৎ আগামী ০২-১২-২০২১ তারিখ পর্যন্ত অংশগ্রহণ হতে বিরত রাখাসহ সিলেট জেলা ফুটবল দলকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।